

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১১.০৪.০০.১৩০.২০১৩. ২০১৭

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ঝিনাইদহ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো বহির্ভূত শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ঝিনাইদহ জেলা পরিষদের স্মারক নং-জেপবি/নিয়োগ-১৩/০৮/৩৬০, তারিখঃ ২২/১০/২০১৭।

ঝিনাইদহ জেলা পরিষদের মালিকানাধীন কালিগঞ্জ, হরিণাকুড় কোটচাঁদপুর এবং মহেশপুর অডিটরিয়াম রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতার স্বার্থে সাংগঠনিক কাঠামো বহির্ভূত দৈনিক মজুরী ভিত্তিতে ১ (এক) জন করে মোট ৪ (চার) জন পরিচ্ছন্নতা কর্মী পদে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো :

শর্তসমূহঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে ;
- ২) মাসিক ভিত্তিতে বেতন দেয়া যাবে না, দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করতে হবে কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না, এ বিষয়ে কোন অনিয়ম হলে বিল পরিশোধ কারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ৩) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবি করতে পারবে না;
- ৪) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে ;
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে ;
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রতিদিন হাজিরা দিতে হবে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতিমাসে তার হাজিরা বিবরণী মন্ত্রণালয়কে অবহিত রেখে আবশ্যিকভাবে জেলা পরিষদে প্রেরণ করবেন।


০২১১১৩৭
(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।